

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নারী ও শিশুশ্রম শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০২৩.০৬.০০১.২০১৬-৪১—গত ২১-০৫-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত “জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC)”-এর ৪র্থ সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার সংস্থান মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে নিম্নোক্তভাবে “জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC)” গঠন করা হল :

১.	স্থানীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২.	জেলা প্রশাসক	সভাপতি
৩.	পুলিশ সুপার	সদস্য
৪.	সিভিল সার্জন	সদস্য
৫.	জেলা ও দায়রা জজের একজন প্রতিনিধি	সদস্য
৬.	পরিচালক/উপপরিচালক, স্থানীয় সরকার	সদস্য
৭.	সচিব, জেলা পরিষদ	সদস্য
৮.	উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
৯.	উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
১০.	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	সদস্য
১১.	জেলা শিক্ষা অফিসার	সদস্য
১২.	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৩.	জেলা কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা	সদস্য
১৪.	জেলা কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর	সদস্য

(৯২২৯)

মূল্য : টাকা ৪.০০

১৫.	উপপরিচালক, উপ অঞ্চল, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট সার্কেল ইন্সপেক্টর	সদস্য
১৬.	জেলা সুপার (সংশ্লিষ্ট জেলা কারাগার)	সদস্য
১৭.	সহকারী শ্রম পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর	সদস্য
১৮.	জেলা তথ্য কর্মকর্তা	সদস্য
১৯.	জেলা ক্রীড়া কর্মকর্তা	সদস্য
২০.	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
২১.	জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা	সদস্য
২২.	কমিটি কর্তৃক মনোনীত (এনজিও বা সংস্থা-২ জন, শিশু সংগঠন-২ জন, শিশু অধিকার বিষয়ে কাজ করেন এমন ব্যক্তি ২ জন)	সদস্য
২৩.	জেলা সংগঠক/জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী	সদস্য
২৪.	উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, জেলা কার্যালয়	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

- (ক) কমিটি প্রতি ৩(তিন) মাসে কমপক্ষে একবার অথবা প্রয়োজনে আরো কম বিরতিতে সভায় মিলিত হবে;
- (খ) সভা অনুষ্ঠানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সভার কার্যবিবরণী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
- (গ) কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার বাস্তবায়নে সহায়তা, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে;
- (ঘ) কমিটি শিশুশ্রম পরিস্থিতির সথ্য সংগ্রহ ও বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC)-এ নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবে;
- (ঙ) কমিটি শিশুশ্রম নিরসনের লক্ষ্য নীতি, কৌশল ও কর্মসূচি গ্রহণ এবং বাজেট বরাদ্দের লক্ষ্য বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC)-এ সুপারিশ প্রেরণ করবে;
- (চ) কমিটি শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার প্রভাব নিয়মিত মূল্যায়ন এবং বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC)-এ প্রতিবেদন প্রেরণ করবে;
- (ছ) কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ করবে;
- (জ) কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের কো-অপ্ট করতে পারবে।

২। মহিলা শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ০৩-০৬-২০১৪ তারিখের মশিবিম/শা-শিশু/পিরিয়ডিক-৫/২০০৯(অংশ-১)-১৩৩ সংখ্যক স্মারকে গঠিত 'জেলা শিশু অধিকার ফোরাম' বিষয়ক প্রজ্ঞাপনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর প্রতিনিধির অন্তর্ভুক্তি প্রত্যাহার করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাবরিনা শারমিন জামান

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd